Term- Wise Examination Guide
(Class-IX)
Session- 2019-2020
Subject : Bengali (বাংলা)
Class : IX (নবম)
Name of the book : সাহিত্য মালঞ্চ — নবম শ্রেণি

Test/ Examination	Chapters
সাময়িক পরীক্ষা- ১ Periodic Test-I (Last week of July)	পদ্য/কবিতা : ১/ লবকুশের যজ্ঞাশ্ব বন্ধন — কৃত্তিবাস ওঝা গদ্য : ২/ প্রফুল্ল— বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ছোটোগল্প : ইচ্ছাপূরণ— রবীন্দ্রনাথ ঠাকুর পাঠ্যাংশের ব্যাকরণ— ১/ পদ পরিবর্তন, সাধারণ বনির বর্গীকরণ ও উচ্চারণরীতি (স্বর ও ব্যঞ্জনধ্বনি) বিশেষ কয়েকটি ব্যঞ্জন বর্ণের উচ্চারণগত বৈশিষ্ট্য, সংযুক্ত ব্যঞ্জনধ্বনি ও ব্যঞ্জনবর্ণ। বন্ধুর নিকট পত্র
সাময়িক পরীক্ষা- ২ Periodic Test-II (3rd week of September) (Cumulatively coveraged)	পদ্য : ১/ বঙ্গমাতা— রবীন্দ্রনাথ ঠাকুর ২/ অচেনার আনন্দ— বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় সাধারণ ব্যাকরণ— সন্ধি, স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি, বিসর্গসন্ধি, বাংলাসন্ধি, নিপাতনে সিদ্ধ সন্ধি। পদ্যাংশের ব্যাকরণ— পদ পরিবর্তন, কারক ও বিভক্তি ছোটোগল্প : ইচ্ছাপূরণ— রবীন্দ্রনাথ ঠাকুর। ব্যক্তিগত পত্র, প্রতিবেদন
সাময়িক পরীক্ষা- ৩ Periodic Test-III (3rd week of December) (Cumulatively coveraged)	১/ ঝিঙেফুল— কাজী নজরুল ইসলাম ২/ ছুটির দেশ— রবীন্দ্রনাথ ঠাকুর সাধারণ ব্যাকরণ— সমাস, কারক বিভক্তি। (সম্প্রদান কারক বর্জনীয়) পাঠ্যাংশের ব্যাকরণ — পদ পরিবর্তন, ভাষারীতি পরিবর্তন। ছোটোগল্প ঃ অভাগীর স্বর্গ— শরৎচন্দ্র চট্টোপাধ্যায়। ব্যক্তিগত পত্র, প্রতিবেদন।
Annual Exam (3rd week of February-1st Week of March) (With entire syllabus)	১/ ছাড়পত্র— সুকান্ত ভট্টাচার্য, ২/ বঙ্গমাতা— রবীন্দ্রনাথ ঠাকুর। ৩/ আদিবাসী ত্রিপুরী সমাজের পূজা উৎসব— বিজয়কুমার দেববর্মা। ৪/ অচেনার আনন্দ— বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়। সাধারণ ব্যাকরণ— একপদীকরণ (পাঠ্য পুস্তকের নির্বাচিত ৮০টি) সমাস, সন্ধি, উপসর্গ ও অনুসর্গ পাঠ্যাংশের ব্যাকরণ— পদ পরিবর্তন, কারক ও বিভক্তি, ভাষারীতি রূপান্তর। প্রবন্ধ— ভাবসম্প্রসারণ/ বিজ্ঞাপন/ প্রতিবেদন লিখন

নবম শ্রেণি

বিষয়- বাংলা

প্রশ্নপত্রে চারটি বিভাগ আছে —

বিভাগ— 'ক' বোধ পরীক্ষণ — মোট নম্বর- ০৫
বিভাগ— 'খ' নির্মিতি — মোট নম্বর- ০৫
বিভাগ— 'গ' ব্যাকরণ — মোট নম্বর- ০৪
বিভাগ— 'ঘ' সাহিত্য — মোট নম্বর- ২২
(গদ্য, পদ্য ও ছোটোগল্প)

সর্বমোট নম্বর- ৪০

নবম শ্রেণির সাময়িক প্রশ্নপত্রের নম্বর বিভাজন

মান-৪০

বিভাগ	স্থান	মান-১	মান-৪	মান-৫	মোট নম্বর
ক	বোধ পরীক্ষণ	—	—	০১	০৫
খ	নির্মিতি—চিঠি, প্রতিবেদন	—	—	০১	০৫
গ	ব্যাকরণ	—	০৪	—	০৪
	পাঠ্যাংশের ব্যাকরণ	—	০৪	—	০৪
ঘ	সাহিত্য— অ) গদ্য	০৩	—	০১	০৮
	আ) পদ্য	০৩	—	০১	০৮
	ই) ছোটোগল্প	০১	—	০১	০৬
	সর্বমোট নম্বর- ৪০				

সাময়িক পরীক্ষার নমুনা প্রশ্নপত্র
নবম শ্রেণি
বিষয়- বাংলা

সময়- ১ ঘন্টা ৩০ মিনিট **মোট নম্বর- ৪০**

বিভাগ- ক

১। নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর দাও : ১ x ৫ = ৫

উদয়পুর থেকে গর্জি রেলপথে যাত্রীট্রেনের চলাচল শুরু হয়েছে ৩ নভেম্বর, ২০১৮ সালে। উদয়পুর-গর্জি রেলপথের দৈর্ঘ্য আট কিলোমিটার। এ রেলপথে সর্বোচ্চ একশ কিলোমিটার গতিতে ট্রেন চলাচল করতে পারবে। এই সুযোগের ফলে উদয়পুর মাতাবাড়ি দর্শনীয় স্থানটিতে যাবার সুবিধা আরও বেড়ে গেল। আগরতলা থেকে উদয়পুর যাবার পথে প্রথমে সেকেরকোট তারপর বিশালগড় এবং তারপর বিশ্রামগঞ্জ স্টেশন। এই তিনটি স্টেশন পেরিয়ে উদয়পুর যেতে হয়। তারপরে গর্জি স্টেশন। এরফলে যাত্রীদের আসা যাওয়ার অনেক সুবিধা হয়েছে।

অ) কত সালে উদয়পুর থেকে গর্জি রেলপথে যাত্রী ট্রেন চালু হয়েছে?

আ) উদয়পুর থেকে গর্জি রেলপথের দৈর্ঘ্য কত?

ই) ত্রিপুরার একটি বিখ্যাত দর্শনীয় স্থানের নাম লেখো।

ঈ) আগরতলা থেকে উদয়পুর যাবার পথে কয়টি স্টেশন আছে?

উ) তোমার প্রিয় ত্রিপুরার অন্য দুটি দর্শনীয় স্থানের নাম লেখো।

বিভাগ- খ

২। বিদ্যালয়ের একটি অনুষ্ঠানের বর্ণনা দিয়ে বন্ধুর কাছে একটি পত্র লেখো। (৫)

অথবা

খারচি মেলার উপর একটি প্রতিবেদন প্রস্তুত করো। (৫)

বিভাগ- গ

৩। একটি করে উদাহরণ দাও : ১ × ৪ = ৪

যৌগিক বর্ণ, কন্ঠ্যবর্ণ, ঘোষবর্ণ, অযোগবাহ বর্ণ।

৪। কারক ও বিভক্তি নির্ণয় করো ঃ ১ × ৪ = ৪

অ) প্রফুল্ল কাঙালের মেয়ে।

আ) এমন বাণের শিক্ষা নাহি ত্রিভুবনে।

ই) তাহার বয়স এখন আঠারো বৎসর।

ঈ) দুই ভাই প্রণাম করিল করপুটে।

বিভাগ- ঘ

৫। নীচের প্রশ্নগুলোর পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও ঃ ১ × ৭ = ৭

ক) ‘তোমার মা গেল তুমিও যাও’ — কার উক্তি?

খ) প্রফুল্লের শ্বশুরের নাম লেখো।

গ) প্রফুল্লের পিত্রালয় থেকে শ্বশুরবাড়ির দূরত্ব কত?

ঘ) রাজা দশরথের বংশের নাম লেখো।

ঙ) ‘তপস্যা করিতে যাই চিত্রকূট দেশে’—
কে তপস্যা করতে গিয়েছিল?

চ) কী দিয়ে হোম হচ্ছিল?

ছ) সুবলচন্দ্রের ছেলের নাম লেখো।

৬। ‘বিবাহের পর একটা গোল হইয়াছিল’

অ) কোন্ রচনার অন্তর্গত?

আ) কার বিবাহ হয়েছিল?

ই) গোলটা কীসের ছিল? (১+১+৩=৫)

অথবা

‘চাঁদপানা মুখ, চক্ষে দর-দর ধারা বহিতেছে’

অ) ‘চাঁদপানা মুখ’ টি কার?

আ) চোখ দিয়ে জল ঝরার কারণটি প্রসঙ্গ ব্যাখ্যা করে লেখো। (১+৪=৫)

৭। ‘তিনি সত্য পালিয়া গেলেন স্বর্গবাস’

অ) ‘তিনি’ কে?

আ) কার রচনা, কোন কবিতার অংশ?

ই) প্রসঙ্গ ব্যাখ্যা করো। (১+২+২=৫)

অথবা

‘ত্রৈলোক্যবিজয় যজ্ঞ বড়ো পরিপাটি’

অ) কে যজ্ঞ করছেন?

আ) ‘ত্রৈলোক্য’ কথাটির অর্থ কী?

ই) যজ্ঞের বর্ণনা দাও। (১+১+৩=৫)

৮) ‘শুনিয়া দুইজনে ভারী খুশি হইয়া উঠিলেন’

অ) কোন গল্পের অন্তর্গত?

আ) ‘দুইজন’ বলতে কাদের কথা বলা হয়েছে?

ই) দুইজনের খুশি হয়ে ওঠার কারণ আলোচনা করো। (১+২+২=৫)

অথবা

'আমার পেট কামড়াচ্ছে, আজ আমি ইস্কুলে যেতে পারব না'

অ) কে, কাকে একথা বলেছে?

আ) বক্তার অসুস্থতার পেছনে প্রকৃত কারণ উল্লেখ করো। (২+৩=৫)

নবম শ্রেণির পাঠ্যক্রম

১। কবিতা

১) লবকুশের যজ্ঞাশ্ব বন্ধন — কৃত্তিবাস ওঝা

২) বঙ্গমাতা — রবীন্দ্রনাথ ঠাকুর

৩) ঝিঙেফুল — কাজী নজরুল ইসলাম

৪) ছাড়পত্র — সুকান্ত ভট্টাচার্য

২। গদ্য

১) প্রফুল্ল — বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

২) ছুটির দেশ -— রবীন্দ্রনাথ ঠাকুর।

৩) অচেনার আনন্দ — বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

৪) আদিবাসী ত্রিপুরী সমাজের পূজা উৎসব— বিজয়কুমার দেববর্মণ

৩। ছোটোগল্প—

১) ইচ্ছাপূরণ -— রবীন্দ্রনাথ ঠাকুর

২) অভাগীর স্বর্গ -— শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

৪। নির্মিতি

১) প্রবন্ধ রচনা (অনির্দিষ্ট)

২) ভাবসম্প্রসারণ (অনির্দিষ্ট)

৩) চিঠিপত্র

৪) প্রতিবেদন

৫। পঠন— বোধ পরীক্ষণ (অনির্দিষ্ট)

৬। পাঠ্য বিষয়ভিত্তিক ব্যাকরণ :

১) ভাষারীতি রূপান্তর

২) পদ পরিবর্তন

৩) কারক ও বিভক্তি

৭। বাংলা ব্যাকরণ :

১) উচ্চারণ স্থান ও উচ্চারণ রীতি অনুসারে ধ্বনির বর্গীকরণ :

ধ্বনি ও বর্ণ, স্বরধ্বনি ও স্বরবর্ণ, ব্যঞ্জনধ্বনি ও ব্যঞ্জনবর্ণ, বর্ণ ও অক্ষর, বর্ণমালা, বাংলা স্বরবর্ণের উচ্চারণ, জিহ্বার অবস্থান ও স্বরধ্বনি, বিভিন্ন স্বরধ্বনির উচ্চারণ বৈশিষ্ট্য, ব্যঞ্জনধ্বনি ও ব্যঞ্জনবর্ণ, বিশেষ কয়েকটি ব্যঞ্জনবর্ণের উচ্চারণগত বৈশিষ্ট্য, সংযুক্ত ব্যঞ্জনধ্বনি ও ব্যঞ্জনবর্ণ।

২) সন্ধি :

সন্ধির প্রকারভেদ, স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি, বিসর্গসন্ধি, খাঁটি বাংলা সন্ধি, নিপাতনে সিদ্ধ সন্ধি।

৩) সমাস :

সমাসের প্রকারভেদ, তৎপুরুষ সমাস, কর্মধারয় সমাস, দ্বন্দ্ব সমাস, ব্রহুব্রীহি সমাস, দ্বিগুসমাস, নিত্যসমাস।

৪) কারক ও বিভক্তি :

বিভক্তির ক্ষেত্রে প্রথমা, দ্বিতীয়া ইত্যাদি সংখ্যাক্রমিক নামকরণ চলবে না। কারকের ক্ষেত্রে কর্তৃ, কর্ম, করণ, নিমিত্ত, অপাদান ও অধিকরণ কারক এবং অকারক পদের ক্ষেত্রে সম্বন্ধ ও সম্বোধন পদের বৈশিষ্ট্যের আলোচনা। সম্প্রদান কারক বর্জনীয়

৫) উপসর্গ ও অনুসর্গ :

সংস্কৃত উপসর্গ, বাংলা উপসর্গ, বিদেশি উপসর্গ। অনুসর্গের প্রকারভেদ, উপসর্গ ও অনুসর্গ, বিভক্তি ও অনুসর্গ।

৬। একপদীকরণ — নির্বাচিত ৮০টি (পাঠ্যপুস্তকে দেওয়া আছে)

সাময়িক, ষান্মাসিক এবং বার্ষিক পরীক্ষার

উত্তরের জন্য মোট শব্দ সংখ্যা

নবম শ্রেণি	মান-১	মান-৫	মান-১০
	১টি শব্দ/ বাক্য	১০০-১২০টি শব্দ	অনধিক ২৫০টি শব্দ

যান্মাসিক এবং বার্ষিক পরীক্ষা
নবম শ্রেণি
বিষয়— বাংলা

প্রশ্নপত্রে চারটি বিভাগ আছে —

বিভাগ- 'ক'	বোধ পরীক্ষণ —	মোট নম্বর- ১০
বিভাগ- 'খ'	নির্মিতি —	মোট নম্বর- ১৫
বিভাগ- 'গ'	ব্যাকরণ —	মোট নম্বর- ১৫
	পাঠ্যাংশের ব্যাকরণ—	মোট নম্বর- ০৫
বিভাগ- 'ঘ'	সাহিত্য — (গদ্য, পদ্য ও ছোটোগল্প)	মোট নম্বর- ৩৫

সর্বমোট নম্বর- ৮০

বিভাগ	স্থান	মান-১	মান-৫	মান-১০	মোট নম্বর
ক	পঠন- বোধ পরীক্ষণ	১০	—	—	১০
খ	নির্মিতি-অ) ভাবসম্প্রসারণ/ প্রতিবেদন	—	০১	—	০৫
	আ) প্রবন্ধ	—	—	০১	১০
গ	ব্যাকরণ- অ) সাধারণ ব্যাকরণ	—	০৩	—	১৫
	আ) পাঠ্যাংশের ব্যাকরণ	—	০১	—	০৫
ঘ	সাহিত্য- অ) গদ্য	০৫	০২	—	১৫
	আ) পদ্য	০৩	০২	—	১৩
	ই) ছোটোগল্প	০২	০১	—	০৭
	সর্বমোট নম্বর- ৮০				

নবম শ্রেণির বার্ষিক পরীক্ষার নমুনা প্রশ্নপত্র
বিষয়- বাংলা

সময়- ৩ ঘন্টা **মোট নম্বর- ৮০**

বিভাগ- ক

১। নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর দাও ঃ ১ x ১০ = ১০

কবিগুরু রবীন্দ্রনাথের 'রাজর্ষি' উপন্যাসটি প্রথম প্রকাশিত হয় ১২৯৩ বঙ্গাব্দের মাঘ মাসে (১৮৮৭ খ্রিস্টাব্দের ফেব্রুয়ারি মাসে)। রবীন্দ্রনাথ 'রাজর্ষি' উপন্যাসের প্রাথমিক তথ্যাদি সংগ্রহ করেছিলেন 'তত্ত্ববোধিনী' পত্রিকার সহকারী সম্পাদক কৈলাসচন্দ্র সিংহ মহাশয়ের কাছ থেকে। রবীন্দ্রনাথ ঐতিহাসিক তথ্যাদির সঙ্গে নিজের কল্পনার রং মিশিয়ে উপন্যাসটি মর্মস্পর্শী এবং প্রাণবন্ত করে তোলেন। উপন্যাসটি ত্রিপুরার মহারাজা গোবিন্দমাণিক্য এবং তাঁর কনিষ্ঠ ভ্রাতা নক্ষত্ররায়ের কাহিনি অবলম্বনে রচিত।

'রাজর্ষি' উপন্যাসের সূচনাতে কবি লিখেছেন, 'রাজর্ষি সম্বন্ধে প্রধান বক্তব্য এই যে, এ আমার স্বপ্নলব্ধ উপন্যাস।

'বালক' পত্রের সম্পাদিকা আমাকে ঐ মাসিকের পাতে নিয়মিত পরিবেশনের কাজে লাগিয়ে দিয়েছিলেন। তার ফল হল এই যে, প্রায় একমাত্র আমিই হলুম তার ভোজের জোগানদার। একটু সময় পেলেই মনটা 'কী লিখি' 'কী লিখি' করতে থাকে।

ক) রাজর্ষি উপন্যাসের প্রথম প্রকাশকাল কত?

খ) ইংরেজি কোন মাসে উপন্যাসটি প্রকাশিত হয়?

গ) উপন্যাসের প্রাথমিক তথ্যগুলো লেখক কোথা থেকে সংগ্রহ করেন?

ঘ) উপন্যাসটি কী কারণে মর্মস্পর্শী হল?

ঙ) 'এ আমার স্বপ্নলব্ধ উপন্যাস'- উক্তিটি কার?

চ) রাজর্ষি উপন্যাসের কেন্দ্রে কোন্ বিখ্যাত রাজা রয়েছেন?

ছ) ''বালক' পত্রের সম্পাদিকা আমাকে ঐ মাসিকের পাতে নিয়মিত পরিবেশনের কাজে লাগিয়ে দিয়েছিলেন'' এখানে 'আমাকে' বলতে কাকে বলা হয়েছে?

জ) এখানে কী পরিবেশন করার কথা বলা হয়েছে?

ঝ) 'ভোজ' শব্দের অর্থ কী?

ঞ) 'জোগানদার' এখানে কে?

বিভাগ- খ

২। ভাবসম্প্রসারণ করো ঃ (১০০ থেকে ১২০ শব্দের মধ্যে) (৫)

'সকলের তরে সকলে আমরা
প্রত্যেকে আমরা পরের তরে।'

অথবা

পরিশুদ্ধ পানীয় জল গ্রহণ করা আমাদের
কর্তব্য এই বিষয়ে একটি প্রতিবেদন লেখো

৩। যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ (অনধিক ২৫০ শব্দে) (১০)

ক) ত্রিপুরার পর্যটন শিল্পের সম্ভাবনা

খ) বিজ্ঞান ও কুসংস্কার

গ) আমার প্রিয় খেলা- ক্রিকেট

বিভাগ- গ

৪। পদ পরিবর্তন করো : ১×৫=৫

রক্ত, মাটি, শিক্ষা, সভা, পার্থিব।

অথবা

নির্দেশ অনুসারে ভাষার রূপান্তর করো : ১×৫=৫

অ) এবার বাড়ি হইতে যাইবার সময় হরিহর ছেলেকে সঙ্গে করিয়া লইয়া চলিল। (চলিত ভাষা)

আ) এই উৎসব উপলক্ষে সকলেই নববস্ত্র পরিধান করে। (চলিত ভাষা)

ই) জ্যৈষ্ঠ মাসে খুব গরম পড়লে তাহার মা বৈকালে নদীর ঘাটে দাঁড়াইয়া থাকিত। (চলিত ভাষা)

ঈ) অচেনার আনন্দকে পাইতে হইলে পৃথিবী ঘুরিয়া বেড়াইতে হইবে, তাহার মানে নাই। (চলিত ভাষা)

উ) এই চতুর্দশ দেবতার বিগ্রহ উদয়পুর হইতে পুরাতন হাবেলি তথা আগরতলার বর্তমান মন্দিরে এই বিগ্রহের পূজা হইয়া আসিতেছে। (চলিত ভাষা)

৫। সন্ধি বিচ্ছেদ করো : ১×৫=৫

শয়ন, ব্যর্থ, স্বাধীন, বাগীশ্বরী, অহোরাত্র

৬। ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করো : ১×৫=৫

ডাকমাশুল, নবরত্ন, রাজহংস, যুগান্তর, অহর্নিশ

৭। একপদীকরণ করো : ১×৫=৫

উইয়ের ঢিবি, ঈষৎ উষ্ণ, কুকুরের ডাক, একই গুরুর শিষ্য, চিরস্থায়ী যা নয়

বিভাগ- ঘ

৮। একটি পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও ঃ ১×৬=৬

ক) বিকেলের ঝিরঝির বাতাসে কোন্ ফুল দুলতে থাকে?

খ) গড়িয়া পূজার পূজারীকে কী বলে?

গ) 'সে ভাষা বোঝে না কেউ'— কার ভাষা বোঝে না কেউ?

ঘ) 'মানুষ হইতে দাও তোমার সন্তানে'— এখানে কোন সন্তানের কথা বলা হয়েছে?

ঙ) কাঙালির বাবার নাম কী?

চ) জমিদারের গোমস্তার নাম কী?

৯। সঠিক উত্তরটি লেখো ঃ ১×৪=৪

ক/ খারচি পূজা হয় প্রতি বছর—

অ) আষাঢ় মাসে

আ) বৈশাখ মাসে

ই) চৈত্র মাসে

ঈ) শ্রাবণ মাসে

খ/ 'আমি রেলগাড়ি দেখব বাবা'— উক্তিটি কার?

অ) দুর্গার

আ) অপুর

ই) সর্বজয়ার

ঈ) হরিহরের

গ/ 'বুড়াছা' কথার অর্থ—

অ) জলের দেবতা

আ) পবন দেবতা

ই) বন দেবতা

ঈ) অগ্নি দেবতা

ঘ/ 'এ বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাব আমি'— উক্তিটি কার?

অ) রবীন্দ্রনাথ ঠাকুর

আ) জীবেন্দ্রনাথ ঠাকুর

ই) কাজী নজরুল ইসলাম

ঈ) সুকান্ত ভট্টাচার্য

১০। 'ধরিত্রী তথা পৃথিবীর পূজা'

অ) এখানে কোন পূজার কথা বলা হয়েছে?

আ) কার লেখা, কোন রচনার অংশ?

ই) উক্ত পূজা সম্পর্কে আলোচনা করো (১+২+২=৫)

অথবা

'একটি পূজা-পার্বনের নাম কের উৎসব'

অ) 'কের' কথার অর্থ কী?

আ) কের পূজা সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো। (১+৪=৫)

১১। 'আজ সেই অপু সর্বপ্রথম গ্রামের বাহিরে পা দিল'

অ) অপু কার সঙ্গে 'গ্রামের বাইরে পা দিল'?

আ) কার লেখা, কোন্ রচনার অংশ?

ই) 'গ্রামের বাইরে' যাওয়ার পূর্বে অপুর সীমানা কতদূর পর্যন্ত বিস্তৃত ছিল? (১+২+২=৫)

অথবা

'নিজের আনন্দের এ হিসাবে তুমিও একজন দেশ আবিষ্কারক'— প্রসঙ্গ নির্দেশ করে বর্ণনা করো কীভাবে উদ্দিষ্ট ব্যক্তি একজন দেশ আবিষ্কারক হয়ে উঠেছে? (৫)

১২। "পদে পদে ছোট ছোট নিষেধের ডোরে
বেঁধে বেঁধে রাখিয়ো না ভালো ছেলে করে।"

অ) কোন্ কবিতার অংশ?

আ) কোন্ প্রসঙ্গে এ কথা বলা হয়েছে?

ই) উদ্ধৃতিটির মধ্য দিয়ে কবির কী মনোভাব প্রকাশ পেয়েছে আলোচনা করো। (১+২+২=৫)

অথবা

'স্নেহার্ত বঙ্গভূমি' সকল বাঙালি মায়ের প্রতীক— আলোচনা করো। (৫)

১৩। 'সে পেয়েছে এক ছাড়পত্র
নতুন বিশ্বের দ্বারে তাই ব্যক্ত করে অধিকার'

অ) কোন কবিতার অংশ?

আ) কে ছাড়পত্র পেয়েছে?

ই) উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। (১+১+৩=৫)

১৪। 'এই ঘন্টা দুয়েকের অভিজ্ঞতায় সংসারে সে
যেন একেবারে বুড়া হইয়া গিয়াছিল।'

অ) কোন গল্পের অংশ?

আ) 'সে' বলতে কাকে বোঝানো হয়েছে?

ই) কীভাবে সে 'বুড়া' হল সে অভিজ্ঞতার বর্ণনা করো। (১+১+৩=৫)

অথবা

'আয় তোকে রূপকথা বলি'

অ) কে, কাকে এ কথা বলেছে?

আ) বক্তার রূপকথার বর্ণনাটি কেমন ছিল? (২+৩=৫)